



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT - SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

17 AUGUST 2024

7:35 AM IST

ভারতীয় চিকিৎসা সংস্থা কোলকাতায় একজন জুনিওর চিকিৎসককে ধর্ষণ ও হত্যার প্রতিবাদে জরুরীকালীন সেবা ছাড়া অন্য সেবাগুলি আজ সকাল ৬ টা থেকে ২৪ ঘন্টার জন্য দেশজুড়ে বন্ধ রাখার কথা ঘোষণা করেছে । সংস্থাটি এক বিজ্ঞপ্তিতে জানিয়েছে যে এই সময়কালে অত্যাৱশ্যকীয় সেবা অব্যাহত থাকবে ও কেজুয়েলিটি ওয়ার্ডগুলি খোলা রাখা হবে । এছাড়া ঐ সময়কালে বহিঃ বিভাগের সেবা সম্পূর্ণভাবে বন্ধ থাকবে বলে সূত্রে জানানো হয়েছে । আই এম এর রাজ্য শাখাগুলির সংগে আলোচনার পর এই সিদ্ধান্ত গ্রহণ করা হয় ।

এদিকে ভারতীয় চিকিৎসা সংস্থার এই প্রতিবাদী কার্যসূচী ঘোষণা করার পর বরাক উপত্যকার তিনজেলার সব চিকিৎসালয়গুলিও আজ সকাল ৬ টা থেকে ২৪ ঘন্টার জন্য বন্ধ রাখা হয়েছে । এই সময়কালে শুধু জরুরীকালীন সেবা অব্যাহত থাকবে , তবে বহিঃ বিভাগের সেবা সম্পূর্ণভাবে বন্ধ রাখা হবে বলে সূত্রে জানানো হয়েছে ।

একটি নিষিদ্ধ ঘোষিত উগ্রপন্থী সংগঠনের গতকাল গুয়াহাটী সহ রাজ্যের কয়েকটি স্থানে বোমা রাখা হয়েছে বলে দাবী করা নিয়ে রাজ্য পুলিশ তল্লাশী অভিযান তীব্র করে তুলে। এরপর বিভিন্ন স্থানে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়। পুলিশের চালানো অভিযানে গৌহাটীর দুটি স্থান সহ রাজ্যের অন্য কয়েকটি স্থান থেকে বোমা সদৃশ সামগ্রী উদ্ধার করা হয়। পুলিশ বোমা বিশেষজ্ঞদের পর্যবেক্ষণের পর এক্ষেত্রে নিশ্চিত হবে বলে জানিয়েছে। এদিকে এই ঘটনা সম্পর্কে মুখ্যমন্ত্রী ডঃ হিমন্ত বিশ্বশর্মা উগ্রপন্থীদের এধরনের কার্যকলাপের পরিপ্রেক্ষিতে রাজ্যের পরিবেশ নষ্ট না করতে আলফার সেনা প্রধান পরেশ বরুয়ার প্রতি আহ্বান জানিয়েছেন। মুখ্যমন্ত্রী বলেন যে আসাম বছ বছর পর বর্তমানে উন্নয়নের পথে অগ্রসর হচ্ছে এবং এই ক্ষেত্রে সাজ্যে সুস্থ বিনিয়োগের পরিবেশ বজায় রাখা অত্যন্ত জরুরী। মুখ্যমন্ত্রী আলোচনার মাধ্যমে সমস্যা সমাধানের জন্য এগিয়ে আসতে সংগঠনটির প্রতি আহ্বান জানান। অন্যদিকে শিক্ষামন্ত্রী ডঃ রণোজ পেণ্ডু সংবাদ মাধ্যমের সঙ্গে কথাবার্তায় রাজ্যের বর্তমান শান্তি ও প্রগতির পরিবেশ নষ্ট না করতে এবং আসামকে পুনরায় পেছনে ঠেলে না দেবার আহ্বান জানান

পরীক্ষার জন্য প্রেরণ করা হয়েছে বলে তিনি জানান।

রাজ্যের পঞ্চায়েত ও গ্রামোন্নয়ন মন্ত্রী রঞ্জিত কুমার দাস পাঁচদিনের কার্যসূচী নিয়ে আজ দুপুরে শিলচর আসছেন ।

দুপুর তিনটা বেজে চল্লিশ মিনিটে কাছাড়ের জেলা আয়ুক্তের কার্যালয়ে খাদ্য ও অসামরিক সরবরাহ ও জেলা গ্রামোন্নয়ন বিভাগের কর্মকর্তাদের সঙ্গে এক পর্যালোচনা সভায় মিলিত হবেন । এরপর তার দলীয় কার্যালয়ে নেতৃবৃন্দের সঙ্গে মিলিত হবার কথা রয়েছে । আগামীকাল সকাল সাড়ে আটটায় তিনি আইরংমারায় সাংসদ পরিমল শুরুবৈদ্যের সঙ্গে সাক্ষাৎ করার কথা রয়েছে এবং পরে পানিভরায় গিয়ে অমৃত সরোবর পরিদর্শন করবেন । দুপুর তিনটায় মন্ত্রী লক্ষীপুরের রাজাবাজারে লাভক ময়দানে এম এল এ কাপ কার্যসূচীর উদ্বোধনী অনুষ্ঠানে অংশ নেবেন এবং পরে দলীয় কার্যালয়ে যাবেন । পরদিন অর্থাৎ সোমবার মন্ত্রীর হাইলাকান্দি ও করিমগঞ্জ জেলায় কার্যসূচী রয়েছে । আগামী ২১ আগস্ট দুপুরে তিনি গৌহাটী ফিরে যাবেন ।

দেশের প্রাক্তন প্রধানমন্ত্রী তথা ভারতরত্ন অটল বিহারী বাজপেয়ীর প্রয়াণ দিবস গতকাল হাইলাকান্দি জেলায়ও পালন করা হয়েছে । এ উপলক্ষ্যে শহরের কলেজ রোডে থাকা অটল বিহারী বাজপেয়ীর প্রতিমূর্তিতে মাল্যদান ও পুষ্পার্ঘ্য অর্পণ করে শ্রদ্ধা জ্ঞাপন করা হয় । পরে হাইলাকান্দি জেলা বিজেপি কার্যালয়ে প্রয়াত নেতার জীবন ও আদর্শ নিয়ে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় । এতে জেলা বিজেপি সভাপতি স্বপন ভট্টাচার্য , পুরপতি কল্যাণ গোস্বামী সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তির অংশগ্রহণ করেন ।

ধলাই মাতৃভূমি কাপ প্রাইজমানি নক আউট ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় কালার হাওয়ার এফ সি খেলবে ভাগার এ আর ক্লাবে বিরুদ্ধে । ধলাই বাম নিত্যনন্দ উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় এস পি এম আর্জানপুর দল ৩-০ গোলের ব্যবধানে জামালপুরের জে পি সুপার জিন্স ক্লাবকে পরাজিত করেছে ।

পালংঘাটের মাতা সংঘ ক্লাবের উদ্যোগে আয়োজিত ডক্টর শ্যামাপ্রসাদ মূর্খাজী স্মৃতি ফুটবল প্রতিযোগীতার আজকের খেলায় পানিভরা ক্লেভার হাউস এফ সি দল বিন্নাকান্দি এফ সি-দলের মুখোমুখি হবে ।

স্থানীয় চৈতন্য চরন জগৎ চন্দ্র বিদ্যালয়ের খেলার মাঠে আয়োজিত প্রতিযোগীতার গতকালের খেলায় আমড়াঘাটের এলেভেন ব্রাদার্স ক্লাব ৪-২ গোলের ব্যবধানে আমড়াঘাটের জে এ এম এফ সি দলকে পরাজিত করেছে ।

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রেল ও লায়ন্স চক্ষু হাসপাতাল শিলচরের উদ্যোগে এবং রামকৃষ্ণ বিবেকানন্দ সোসাইটি এবং লায়ন্স ক্লাব অগ শিলচর লায়নেসের ব্যবস্থাপনায় আগামী ২২ আগস্ট মাটিছড়া মা সারদা কোচিং সেন্টারে বিনামূল্যে চক্ষু পরীক্ষা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল সাড়ে ১০ টা থেকে দুপুর দুটো পর্যন্ত চলবে ।

XXXXXXXXXX